




**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**  
**প্রধান কার্যালয়, ঢাকা।**  
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখ: ১৯ আশ্বিন, ১৪২৫  
 ০৪ অক্টোবর, ২০১৮

**প্রজ্ঞাপন নং-০৪/২০১৮**

প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার) এর ১১৫তম বৈঠকের সিদ্ধান্তের আলোকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ০৪ জুন, ২০১৮ তারিখের প্রজ্ঞাপনের মাধ্যমে চট্টগ্রাম, কুমিল্লা, বরিশাল, যশোর এবং বগুড়া জেলার নামের ইংরেজি বানান বাংলা উচ্চারণের সঙ্গে সামঞ্জস্য রেখে সংশোধন করা হয়েছে, যা বাংলাদেশ গেজেট এর অতিরিক্ত সংখ্যায় ১০ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে প্রকাশিত হয়েছে। উক্ত প্রজ্ঞাপনটি কর্পোরেশনের সকল কর্মচারীর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এতৎসঙ্গে প্রজ্ঞাপিত হলো।

  
**(রুখসানা ইয়াসমিন)**  
 সহকারী মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আই সিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ১০, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
প্রজ্ঞাপন

তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪২৫/০৪ জুন ২০১৮

নং ০৫.০০.০০০০.১১০.০০.০১৯.১৫-৭৫৭—০২ এপ্রিল ২০১৮ তারিখে অনুষ্ঠিত নিকার-এর ১১৫তম বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী চট্টগ্রাম, কুমিল্লা, বরিশাল, যশোর এবং বগুড়া এই ০৫টি জেলার নামের ইংরেজি বানান বাংলা উচ্চারণের সঙ্গে সামঞ্জস্য রেখে নিম্নবর্ণিতভাবে সংশোধন করা হলো :

ক্রমিক নম্বর	বাংলা নাম	বর্তমান ইংরেজি বানান	পরিবর্তিত সঠিক বানান
১.	চট্টগ্রাম	Chittagong	Chattogram
২.	কুমিল্লা	Comilla	Cumilla
৩.	বরিশাল	Barisal	Barishal
৪.	যশোর	Jessore	Jashore
৫.	বগুড়া	Bogra	Bogura

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ মোজাম্মেল হক খান  
সিনিয়র সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১১২০১)

মূল্য : টাকা ৪.০০